

📃 ইউনুস | Yunus | سُونُس

আয়াতঃ ১০ : ৯৬

আরবি মূল আয়াত:

إِنَّ الَّذِينَ حَقَّت عَلَيهِم كَلِمَتُ رَبِّكَ لَا يُؤمِنُونَ ﴿٩٤﴾

🗚 অনুবাদসমূহ:

নিশ্চয় যাদের উপর তোমার রবের বাণী সত্য হয়েছে, তারা ঈমান আনবে না; — আল-বায়ান তাদের সম্পর্কে তোমার প্রতিপালকের বাক্য সত্য প্রমাণিত হয়েছে যে, তারা ঈমান আনবে না, — তাইসিরুল নিঃসন্দেহে যাদের সম্বন্ধে তোমার রবের বাক্য সাব্যস্ত হয়েছে, তারা কখনও ঈমান আনবেনা । — মুজিবুর রহমান Indeed, those upon whom the word of your Lord has come into effect will not believe, — Sahih International

৯৬. নিশ্চয় যাদের বিরুদ্ধে আপনার রবের বাক্য সাব্যস্ত হয়ে গেছে, তারা ঈমান আনবে না।(১)

(১) সে কথাটি হচ্ছে এই যে, যারা নিজেরাই সত্যের অম্বেষী হয় না এবং যারা নিজেদের মনের দুয়ারে জিদ, হঠকারিতা, অন্ধণোষ্ঠি প্রীতি ও সংকীর্ণ স্বার্থ-বিদ্বেষের তালা রাখে আর যারা দুনিয়া প্রেমে বিভার হয়ে পরিণামের কথা চিন্তাই করে না তারাই ঈমান লাভের সুযোগ থেকে বঞ্চিত থেকে যায়। হ্যাঁ তারা একসময় ঈমান আনবে, আর তা হচ্ছে, যখন তারা মর্মন্তদ শান্তি দেখতে পাবে কিন্তু তখনকার ঈমান আর গ্রহণযোগ্য হবে না। আর এজন্যই মূসা আলাইহিস সালাম যখন ফিরআউন ও তার সভাষদদের উপর বদ-দোআ করলেন, তখন বলেছিলেন, "হে আমাদের রব! তাদের সম্পদ বিনষ্ট করুন, আর তাদের হৃদয় কঠিন করে দিন, তারা তো যন্ত্রনাদায়ক শান্তি প্রত্যক্ষ না করা পর্যন্ত ঈমান আনবে না।" [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৯৬) নিঃসন্দেহে যাদের সম্বন্ধে তোমার প্রতিপালকের বাক্য সত্য হয়েছে, তারা বিশ্বাস করবে না;

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1460

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন